রামিসা হত্যার বিচার ৫-৭ দিনের মধ্যে সম্পন্ন হবে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

রাজধানীতে আলোচিত শিশু রামিসা হত্যাকাণ্ডের বিচার অল্প সময়ের মধ্যেই শেষ করা সম্ভব হবে বলে আশা প্রকাশ করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি জানিয়েছেন, সরকার চায় দ্রুত বিচার নিশ্চিত করে দোষীদের সর্বোচ্চ শাস্তির আওতায় আনা।

রোববার সচিবালয়ে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সভায় তিনি মামলার তদন্ত অগ্রগতি ও বিচার প্রক্রিয়া নিয়ে সরকারের অবস্থান তুলে ধরেন এবং দ্রুত নিষ্পত্তির ওপর জোর দেন।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, রামিসা হত্যা মামলার চার্জশিট আজকের মধ্যেই আদালতে জমা দেওয়া হতে পারে। তার ভাষায়, তদন্ত প্রায় শেষ পর্যায়ে রয়েছে এবং বাকি আনুষ্ঠানিক কাজগুলো দ্রুত সম্পন্ন করা হচ্ছে।

তিনি আরও উল্লেখ করেন, সবকিছু পরিকল্পনা অনুযায়ী এগোলে ৫ থেকে ৭ দিনের মধ্যেই মামলার বিচার কার্যক্রম শেষ করার মতো পরিস্থিতি তৈরি হতে পারে। এ জন্য সংশ্লিষ্ট সব পক্ষের সমন্বয়ে দ্রুত বিচার নিশ্চিত করার চেষ্টা চলছে।

বিচার প্রসঙ্গে তিনি বলেন, এ ধরনের নৃশংস ঘটনায় কোনো ধরনের ছাড় দেওয়া হবে না। পাশাপাশি তিনি দাবি করেন, সামাজিক অবক্ষয় ও মূল্যবোধের ঘাটতির কারণে অপরাধ বাড়লেও সরকার কঠোর অবস্থান নিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছে এবং অপরাধীদের দ্রুত আইনের আওতায় আনা হচ্ছে।